

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

পরিকল্পনা ও পরিচালনা/(শানিবিউবি)পরিপত্র নং- ০৪/২০২১

০২ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।
তারিখঃ ১৭ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয় : ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা প্রসংগে।

বাংলাদেশ কৃষি প্রধান দেশ। এ দেশের অর্থনীতিতে কৃষি খাতের গুরুত্ব ও ভূমিকা অপরিসীম। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ঘাটতি হ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্যই কৃষি খাতকে অধিকতর অগ্রাধিকার দিতে হবে। দেশের খাদ্যশস্য উৎপাদনে কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকাই সবচেয়ে বেশী। সে লক্ষ্যকে সামনে রেখে প্রতি বছরের ন্যায় ২০২১-২০২২ অর্থবছরের জন্য ঋণ বিতরণ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বিগত ১০-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৯২ তম সভায় ২০২১-২০২২ অর্থবছরের জন্য ১৫,৫৭৫.০০ (পনের হাজার পাঁচশত পাঁচাত্তর) কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণের অনুমোদন দেয়া হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা একটি নির্দেশক (Indicative) মাত্র। ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণ গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করা অপরিহার্য। গুণগত ও মানসম্পন্ন নতুন ঋণ বিতরণের মাধ্যমে Performing Asset বৃদ্ধি করতে হবে যাতে ঋণের সুদ আয় বৃদ্ধি পায়। ফলশ্রুতিতে অপারেটিং প্রফিট অর্জনে ইতিবাচক প্রভাব পড়বে। কাজেই প্রদত্ত Indicative Target এর মধ্যে সীমাবদ্ধ না থেকে আরো অধিক পরিমাণ Qualitative ঋণ বিতরণ করা যাবে। তবে বাজেট অতিরিক্ত ঋণ বিতরণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের কার্যোত্তর অনুমোদন গ্রহণ করতে হবে। সকল ক্ষেত্রেই প্রচলিত ঋণ নিয়মাচার ও বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা যথাযথভাবে অনুসরণ পূর্বক ঋণ বিতরণ করে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। ২০২১-২০২২ অর্থবছরে কৃষি ঋণগ্রহীতার সংখ্যা ৩.৭০% বৃদ্ধি এবং সিসি/এসএমই ঋণ গ্রহীতার সংখ্যা প্রতিমাসে প্রতি শাখার কমপক্ষে ২ (দুই) টি করে বৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

০২। মোট কৃষি ঋণ বিতরণঃ

ক্রমবর্ধমান জনসংখ্যার চাপে প্রতিনিয়ত দেশের কৃষি জমির পরিমাণ হ্রাস পাচ্ছে। এ অবস্থায় কৃষি উৎপাদন বাড়াতে হলে বর্তমান ফসল উৎপাদন কাঠামো (Cropping Pattern) পরিবর্তন করতে হবে ও শস্য উৎপাদন নিবিড়তা (Cropping Intensity) বাড়াতে হবে। সাথে সাথে এরিয়া এ্যাপ্রোচ এর ভিত্তিতে যে এলাকায় (Region) যে কর্মকান্ডের সম্ভাবনা রয়েছে সে অঞ্চলের জন্য সে সকল খাতে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অধিক বরাদ্দ রাখতে হবে এবং ঐ সকল এলাকায় এ সব কর্মকান্ডের উৎপাদন বাড়ানোর লক্ষ্যে ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজ কার্যক্রমের (উৎপাদনের উপকরণ সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণ ইত্যাদি) উন্নয়ন ঘটানোর জন্যও নতুন নতুন খাত উদ্ভাবনপূর্বক সে সকল খাতে ঋণ বিতরণ করতে হবে। আমাদের দেশে প্রয়োজনীয় প্রায় সকল কৃষি পণ্য উৎপাদনের অনুকূল পরিবেশ ও ব্যাপক সম্ভাবনা থাকা সত্ত্বেও বাস্তবতা হচ্ছে যে, চাহিদা মিটানোর জন্য আমাদেরকে বেশ কিছু নিত্যপ্রয়োজনীয় কৃষি পণ্য বিভিন্ন দেশ হতে কষ্টার্জিত বৈদেশিক মুদ্রার বিনিময়ে আমদানি করতে হয়। এ প্রেক্ষাপট বিবেচনায় এনে দেশের কৃষি উন্নয়নে সহায়তাকরণের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের জন্য ১০৩০০.০০ (দশ হাজার তিনশত) কোটি টাকা কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার খাত ভিত্তিক বিভাজন নিম্নোক্তভাবে প্রণয়ন করা হয়েছে। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে ২০২০-২০২১ অর্থবছরের অর্জিত লক্ষ্যমাত্রার ৩২.৫৮% প্রবৃদ্ধি হিসেবে “পারফরমেন্স বাজেটিং এবং সম্ভাব্যতার” ভিত্তিতে নির্ধারণ করা হয়েছে। কৃষি ও পল্লী ঋণ বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের জন্য জারিকৃত কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচীর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

ক্রঃ নং	খাত	কৃষি ঋণ বিতরণ (কোটি টাকায়)		প্রবৃদ্ধির হার
		২০২০-২০২১ (অর্জন)	২০২১-২০২২ (লক্ষ্যমাত্রা)	
১	শস্যঃ			
	(ক) শস্য (বর্গাচাষী ব্যতীত)	৪৫৬২.৬৯	৫৫০০.০০	২০.৫৪
	(খ) শস্য (বর্গা চাষী)	২০৮.৯১	৫০০.০০	১৩৯.৩৪
	মোট শস্য ঋণ	৪৭৭১.৬০	৬০০০.০০	২৫.৭৪
২	মৎস্য চাষ	৯৬৭.৬৪	১২০০.০০	২৪.০১
৩	প্রাণিসম্পদ	১১৪৯.৪৯	১২০০.০০	৪.৩৯
৪	সেচ যন্ত্রপাতি	২৬.৭৫	৬০.০০	১২৬.৭১
৫	কৃষি যন্ত্রপাতি	৪৪.১১	১০০.০০	১২৪.৩০
৬	বীজ উৎপাদন	০	৫০.০০	১০০.০০
৭	শস্য গুদামজাত ও বাজারজাতকরণ	৯.১৭	৪০.০০	৩৩৬.২০
৮	দারিদ্র্য বিমোচন ও আয় উৎসারী কর্মকান্ড	১৭৪.৫১	৩৫০.০০	১০০.৫৬
৯	অন্যান্য ঋণ	১০১৫.৯২	১৩০০.০০	২৭.৯৬
	মোট কৃষি ঋণ	৮১৫৯.১৯	১০৩০০.০০	২৬.২৪

চলমান পাতা-০২

ক্রঃ নং	খাত	ঋণ বিতরণ (কোটি টাকায়)		প্রবৃদ্ধির হার
১০	সিএমএসএমই ঋণঃ	২০২০-২০২১ (অর্জন)	২০২১-২০২২ (লক্ষ্যমাত্রা)	
	(ক) প্রকল্প	৬৪.১৬	৪০০.০০	৫২৩.৪৪
	(খ) চলমান/তলবী ঋণঃ			
	(১) ট্রেডিং (৩৫%)	২০৭১.০৬	১২৬০.০০	
	(২) সেবা (২৫%)	১৪৯.৪২	৯০০.০০	৫০২.৩৩
	(৩) ম্যানুফ্যাকচারিং (৪০%)	৩৭৩.৫২	১৪৪০.০০	২৮৫.৫২
	মোট চলমান (Contineous)	২৫৯৪.০০	৩৬০০.০০	৩৮.৭৮
	মোট সিএমএসএমই ঋণ	২৬৫৮.১৬	৪০০০.০০	৫০.৪৮
১১	কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ			
	(ক) প্রকল্প ঋণ	৮১.৯১	২৫০.০০	২০৫.২১
	(খ) চলতি মূলধন/চলমান/তলবী ঋণ	৮৪৮.২৪	১০০০.০০	১৭.৮৯
	(গ) গ্রিন ব্যাংকিং	০.৩২	২৫.০০	৭৭১২.৫০
	মোট কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ	৯৩০.৪৭	১২৭৫.০০	৩৭.০৩
	মোট ঋণ বিতরণ	১১৭৪৭.৮২	১৫৫৭৫.০০	৩২.৫৮

০৩। সিএমএসএমই ঋণ বিতরণ :

বাংলাদেশের সার্বিক উন্নয়নে সিএমএসএমই খাতের গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশ ব্যাংকের ২৯-০৬-২০১৭ ইং তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে ২০২২ সালের মধ্যে বার্ষিক সামগ্রিক ঋণ বিতরণের মধ্যে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ অনূন ২৩% এ উন্নীত করনের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ২০২১-২০২২ সালের জন্য এসএমই খাতে মোট ৪০০০.০০ (চার হাজার) কোটি টাকা (প্রবৃদ্ধি ৫০.৪৮%) ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সামগ্রিকভাবে এসএমই খাতে ঋণ বিতরণে মাঝারি খাতের চেয়ে ক্ষুদ্র খাতে অগ্রাধিকার দিতে হবে। এসএমই খাতে ঋণ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক হতে জারিকৃত এসএমই সংশ্লিষ্ট নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। সিএমএসএমই খাতে ঋণ বিতরণের বিষয়ে ক্রেডিট বিভাগ বিস্তারিত নির্দেশনা প্রদান করবে। ক্রেডিট বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৪। কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ :

সাম্প্রতিক বছরগুলোতে কৃষির যান্ত্রিককরণ ও আধুনিকায়নের ফলে বিজ্ঞানভিত্তিক চাষাবাদের জন্য আধুনিক যন্ত্রপাতি তৈরী ও বাজারজাতকরণ, শস্য ও কৃষি ভিত্তিক পণ্য প্রক্রিয়াকরণ শিল্প, সমন্বিত কৃষি প্রকল্পসহ যাবতীয় কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে ঋণের চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। বর্ধিত চাহিদার কথা বিবেচনা করে ২০২১-২০২২ অর্থবছরের জন্য কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে ১২৭৫.০০ (এক হাজার দুইশত পঁচাত্তর) কোটি টাকা (প্রবৃদ্ধি ৩৭.০৩%) ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রচলিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

০৫। মোট ঋণ স্থিতিঃ

৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখে ব্যাংকের মোট ঋণ স্থিতি ২৫৪৬১.৯৬ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৩০-০৬-২০২২ ইং তারিখে ৩১০০০.০০ কোটি টাকা ঋণ স্থিতির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (বর্তমান স্থিতি ২৫৪৬১.৯৬+বিতরণ ১৫৫৭৫.০০+ ঋণের সুদ ১৮০০.০০ - সম্ভাব্য আদায় ১১১০০.০০-Adjustment ৭৩৬.৯৬ = ৩১০০০.০০ কোটি টাকা মার্চ পর্যায়ের ঋণ স্থিতির লক্ষ্যমাত্রা)। ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণ, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের মাধ্যমে ৩০-০৬-২০২২ খ্রিঃ তারিখে ৩১০০০.০০ কোটি টাকা ঋণ স্থিতির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার অনুরোধ করা হলো।

০৬। নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধিঃ

শুধুমাত্র পুরাতন ঋণগ্রহীতাদের পুনরায় ঋণ প্রদান না করে সম্পূর্ণ নতুন ঋণ গ্রহীতা যাদের চাহিদা থাকা সত্ত্বেও ব্যাংক হতে এখনও ঋণ সুবিধা না পেয়ে বিভিন্ন এনজিও ও গ্রাম্য মহাজনের নিকট হতে ঋণ গ্রহণ করছে তেমন সম্ভাব্য এবং উপযোগী গ্রাহক খুঁজে বের করে তাদেরকে নতুনভাবে ঋণ প্রদান করতে হবে। পুনঃরায় ঋণ গ্রহনকারীদেরকে নতুন ঋণগ্রহীতা হিসেবে চিহ্নিত করা যাবেনা। ২০২১-২০২২ অর্থবছরে প্রতি শাখায় কৃষি ঋণগ্রহীতার সংখ্যা ৩.৭০% বৃদ্ধি এবং সিসি/এসএমই ঋণ গ্রহীতার সংখ্যা প্রতিমােসে প্রতি শাখার কমপক্ষে ২(দুই) টি করে বৃদ্ধির লক্ষ্যমাত্রা সহ সর্বমোট ৩,৮০,০০০ জন সম্পূর্ণ নতুন ঋণ গ্রহীতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

চলমান পাতা-০৩

০৭। মোট ঋণগ্রহীতার সংখ্যাঃ

২০২০-২০২১ অর্থবছরের ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক ঋণগ্রহীতাদের মধ্যে যাদের প্রয়োজন তাদেরকে পুনরায় ঋণ প্রদান করে বর্তমান ঋণগ্রহীতার সংখ্যা অপরিবর্তিত রাখার চেষ্টা করতে হবে, অর্থাৎ ঋণগ্রহীতার সংখ্যা কমতে দেয়া যাবে না। ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক মোট ঋণগ্রহীতার মোট সংখ্যার সাথে ২০২১-২০২২ অর্থবছরের নতুন ঋণ গ্রহীতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ৩,৮০,০০০ জন যোগ করে সর্বমোট ৩৫,২৫,০০০ জন ঋণগ্রহীতার সংখ্যা অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। পুরাতন ঋণ গ্রহীতার সংখ্যা স্থির রেখে নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে মোট ঋণ গ্রহীতার সংখ্যার লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

০৮। ২০২১-২০২২ অর্থবছরে মোট ঋণ বিতরণ, মোট ঋণ স্থিতি, নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি এবং মোট ঋণগ্রহীতার সংখ্যার লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-“ক” মোতাবেক বিভাগওয়ারী (এলপিওসহ) বন্টন করে দেয়া হয়েছে। উল্লেখ্য, বিভাগওয়ারী ২০২০-২০২১ অর্থবছরে সকল খাতের ঋণ বিতরণের সার্বিক পারফরমেন্স, প্রবৃদ্ধির হার এবং “পারফরমেন্স বাজেটিং এবং সম্ভাব্যতার” ভিত্তিতে ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বন্টনকৃত লক্ষ্যমাত্রার বিষয়ে অধিকতর ব্যাখ্যা, উপখাত ভিত্তিক বন্টন ও নির্দেশনার প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ প্রধান কার্যালয়ের ন্যায় তাদের সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের ২০২০-২০২১ অর্থবছরের সকল খাতের সার্বিক পারফরমেন্স, প্রবৃদ্ধির হার এবং “পারফরমেন্স বাজেটিং এবং সম্ভাব্যতার” ভিত্তিতে ২০২১-২০২২ অর্থবছরের অঞ্চল/কর্পোরেট শাখাওয়ারী সকল খাতের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করার জন্য পরামর্শ দেয়া হলো। অঞ্চল/কর্পোরেট শাখাওয়ারী লক্ষ্যমাত্রা বন্টনের একটি কপি ১৮-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। বিভাগ থেকে প্রাপ্ত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ প্রধান কার্যালয়ের ন্যায় আনুপাতিক হারে তবে বিশেষ ক্ষেত্রে অঞ্চলধীন শাখা ব্যবস্থাপকদের সাথে আলোচনাক্রমে “পারফরমেন্স বাজেটিং এবং সম্ভাব্যতার” নিরিখে Area Approach এর ভিত্তিতে (যেমন মুন্সীগঞ্জে আলু, লক্ষীপুরে সয়াবিন, কুমিল্লায় ভুট্টা, কুমিল্লা, খুলনা ও ময়মনসিংহে মৎস্য) কৃষি ঋণের উপ-খাতওয়ারী লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-“খ” মোতাবেক এবং সকল লক্ষ্যমাত্রা আগামী ২২-০৮-২০২১ তারিখের মধ্যে শাখাওয়ারী বন্টন করে উহার একটি কপি সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন। যে শাখায় যে ঋণ কর্মসূচি নেই সে শাখায় সে খাতের জন্য যাতে কোন লক্ষ্যমাত্রা বরাদ্দ না দেয়ার জন্যও অঞ্চল প্রধানদেরকে পরামর্শ দেয়া হলো। বাংলাদেশ ব্যাংকের নির্দেশানুযায়ী জেলাভিত্তিক কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা বাংলাদেশ ব্যাংকে প্রেরণের লক্ষ্যে পরিশিষ্ট-“গ” (Excel Sheet) অনুযায়ী শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে ইমেইল (dgmbcbd@krishibank.org.bd) যোগে ২২-০৮-২০২১ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয় প্রেরণ নিশ্চিত করবেন।

০৯। ব্যাংকের ক্রেডিট পলিসি ও অপারেশন ম্যানুয়েল ও সময়ে সময়ে জারীকৃত পত্র/পরিপত্রের নির্দেশনা, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সর্বশেষ কৃষি/পল্লী ঋণ কর্মসূচী সংক্রান্ত নীতিমালা ও নিয়মাচার এবং বর্তমানে প্রচলিত প্রযোজ্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে। গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণের মাধ্যমে দেশের সামষ্টিক অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের ঋণদান কার্যক্রমের সফল বাস্তবায়নের জন্য অঞ্চল/শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিভাগীয় কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো। ঋণ বিতরণ এমনভাবে করতে হবে যাতে নির্ধারিত সময়ের মধ্যে আদায় সম্ভব হয় এবং কোন ঋণ যাতে NPL (SMA, WCL, NCL ও CL) এ পরিণত না হয়। ঋণ বিতরণ সংক্রান্ত বিষয়ে সরকার ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন বিশেষ নির্দেশনা প্রদান করা হলে তা যথাযথ পরিপালনের লক্ষ্যে পরবর্তীতে মাঠ পর্যায়ে জারী করা হবে।

১০। কোন কারণে বিভাগাধীন অঞ্চলসমূহের মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা সমন্বয়ের প্রয়োজন হলে বিভাগীয় মহাব্যবস্থাপক স্ব-স্ব বিভাগাধীন অঞ্চলসমূহের মধ্যে আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে তা করতে পারবেন। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ প্রয়োজনে মূল খাত অপরিবর্তিত রেখে অর্থাৎ একই মূল খাতের ঋণের উপ-খাতসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা সমন্বয় করতে পারবেন, কিন্তু স্বল্প মেয়াদী হতে মেয়াদী বা মেয়াদী হতে স্বল্প মেয়াদী এবং মূল খাতসমূহের মধ্যে আন্তঃসমন্বয় করতে পারবেন না। আন্তঃবিভাগীয় এবং মেয়াদভিত্তিক ও মূল-খাতভিত্তিক আন্তঃসমন্বয়ের প্রয়োজন হলে তা প্রধান কার্যালয় কর্তৃক করা হবে।

১১। মনিটরিং ব্যবস্থাঃ

কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও ঋণ নিয়মাচার ২০২১-২০২২ অনুযায়ী প্রকৃত কৃষকরাই যাতে সময়মত কৃষি ঋণ পান, কৃষি ঋণ পেতে যাতে কোন হয়রানির স্বীকার হতে না হয় এবং কৃষি ঋণের নির্ধারিত লক্ষ্যমাত্রা যাতে শতভাগ অর্জন করা সম্ভব হয় সে জন্য শাখাসমূহের ঋণ বিতরণ কার্যক্রম প্রধান কার্যালয় কর্তৃক, বিভাগীয় কর্তৃক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক এই ০৩ (তিন) স্তরে নিয়মিত অফ-সাইট/অন-সাইট মনিটরিং করতে হবে। শাখাসমূহের কৃষি ঋণ কার্যক্রম বাংলাদেশ ব্যাংক থেকেও নিয়মিত অফ-সাইট/অন-সাইট মনিটরিং করা হবে। বাংলাদেশ ব্যাংক থেকে শাখা পর্যায়ে ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে সঠিক ও নির্ভুল তথ্য সরবরাহ করতে হবে। উল্লেখ্য, বিভাগীয় মহাব্যবস্থাপকগণ ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ তাদের আঞ্চলিক ও শাখা পর্যায়ে ভার্চুয়াল কনফারেন্স করার সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণকে সংযুক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

চলমান পাতা-০৪

১২। তথ্য বিবরণী প্রস্তুত ও সরবরাহকরণ(রিপোর্টিং):

বার্ষিক ঋণ বিতরণ কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার জন্য প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক ঋণ বিতরণ সংক্রান্ত নির্ভুল তথ্য/বিবরণী নিম্নোক্তভাবে প্রস্তুতপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবেঃ-

- ১) নির্ধারিত ছক মোতাবেক বিবরণী প্রস্তুত করে দৈনিক ও সাপ্তাহিক ভিত্তিতে (বৃহস্পতিবার সমাপ্ত সপ্তাহের বিবরণী পরবর্তী সপ্তাহের প্রথম দিন অর্থাৎ রবিবার দিন) শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২) যে খাতে ঋণ বিতরণ করা হবে তথ্য বিবরণীতে সেই খাতেই প্রদর্শন করতে হবে।
- ৩) প্রত্যেক ঋণগ্রহীতার নামে সংশ্লিষ্ট শাখায় আবশ্যিকভাবে একটি চলতি/সঞ্চয়ী হিসাব খোলে ঋণ বিতরণসহ নিয়মিত লেনদেন করার জন্য উৎসাহিত করতে হবে।

১৩। ঋণ বিতরণের ক্ষেত্রে কোন ধরনের অস্পষ্টতা পরিলক্ষিত হলে বা কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,
(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
(অতিরিক্ত দায়িত্বে)

নং-প্রকা/শানিবিউবি-১(০৪)/২০২১-২০২২/১৯৭

তারিখ : ১৭ আগস্ট ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ও স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

পরিশিষ্ট- 'ক'

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক খাত ভিত্তিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা।

(কোটি টাকায়)

ক্রঃ নং	খাত	টাকা	মায়মনসিংহ	চট্টগ্রাম	খুলনা	বরিশাল	সিলেট	কুমিল্লা	ফরিদপুর	কুষ্টিয়া	এলাপিও	সর্বমোট
ক)	কৃষি ঋণ বিতরণঃ											
১	(ক) শস্য (বর্গাচাষী ব্যতীত)	৬০০.০০	২৭০.০০	৫২০.০০	৪৭০.০০	৮৫০.০০	৪৩০.০০	৬০০.০০	৫৭০.০০	৮৬০.০০	৩৩০.০০	৫৫০০.০০
	(খ) শস্য (বর্গাচাষী)	৮০.০০	৫০.০০	২০০.০০	১০.০০	১০.০০	১০.০০	৪০.০০	৭৫.০০	২৫.০০	০.০০	৫০০.০০
	মোট শস্য	৬৮০.০০	৩২০.০০	৭২০.০০	৪৮০.০০	৮৬০.০০	৪৪০.০০	৬৪০.০০	৬৪৫.০০	৮৮৫.০০	৩৩০.০০	৬০০০.০০
২	মৎস্য চাষ	৯০.০০	১৪০.০০	৫০.০০	৫৬০.০০	১০০.০০	৩০.০০	১০০.০০	৮০.০০	৫০.০০	০.০০	১২০০.০০
৩	প্রাণী সম্পদ	৩৩০.০০	২০০.০০	৬০.০০	১২০.০০	৬০.০০	৬০.০০	১১০.০০	১১০.০০	১৫০.০০	০.০০	১২০০.০০
৪	সেচ যন্ত্রপাতি	৭.০০	৪.০০	৯.০০	৭.০০	৩.০০	৩.০০	৭.০০	১৫.০০	৫.০০	০.০০	৬০.০০
৫	কৃষি যন্ত্রপাতি	১৫.০০	৫.০০	২০.০০	১০.০০	৫.০০	৫.০০	১০.০০	২০.০০	১০.০০	০.০০	১০০.০০
৬	বীজ উৎপাদন	৭.০০	৬.০০	৫.০০	৫.০০	৬.০০	৫.০০	৭.০০	৫.০০	৪.০০	০.০০	৫০.০০
৭	শস্য গুদামজাত ও বাজারজাতকরণ	৭.০০	৫.০০	৮.০০	২.০০	৬.০০	৩.০০	৫.০০	২.০০	২.০০	০.০০	৪০.০০
৮	দারিদ্র্য বিমোচন ও আয় উৎসারী	৪০.৫০	৪৫.০০	৪৫.০০	২৫.০০	৫০.০০	৪০.০০	৫৪.০০	৩০.০০	২০.০০	০.৫০	৩৫০.০০
৯	অন্যান্য খাত	২৫০.০০	৩০০.০০	১০০.০০	১৩০.০০	৯০.০০	৬০.০০	৮০.০০	৫০.০০	৭০.০০	১৭০.০০	১৩০০.০০
	মোট কৃষি ঋণ (১ থেকে ৯)	১৪২৬.৫০	১০২৫.০০	১০১৭.০০	১৩৩৯.০০	১১৮০.০০	৬৪৬.০০	১০১৩.০০	৯৫৭.০০	১১৯৬.০০	৫০০.৫০	১০৩০০.০০
খ)	এসএমই ঋণ											
	প্রকল্প ঋণ	১৭০.০০	৩০.০০	৫০.০০	১০.০০	১০.০০	৩০.০০	৩৫.০০	৩০.০০	২৫.০০	১০.০০	৪০০.০০
	চলমান ঋণ											
	১) ট্রেডিং	৩০০.০০	১০০.০০	১১০.০০	৮০.০০	৬৫.০০	৬৫.০০	১৩০.০০	১০০.০০	১৬০.০০	১৫০.০০	১২৬০.০০
	২) সেবা	১৭০.০০	২৮০.০০	৮০.০০	২০.০০	১০.০০	৬০.০০	১২০.০০	৭০.০০	৫০.০০	৪০.০০	৯০০.০০
	৩) ম্যানুফ্যাকচারিং	২০০.০০	৫০.০০	১২০.০০	২৫০.০০	৪০.০০	১৫০.০০	২৫০.০০	১৫০.০০	১৫০.০০	৮০.০০	১৪৪০.০০
	মোট চলমান (১+২+৩)	৬৭০.০০	৪৩০.০০	৩১০.০০	৩৫০.০০	১১৫.০০	২৭৫.০০	৫০০.০০	৩২০.০০	৩৬০.০০	২৭০.০০	৩৬০০.০০
	মোট এসএমই ঋণ	৮৪০.০০	৪৬০.০০	৩৬০.০০	৩৬০.০০	১২৫.০০	৩০৫.০০	৫৩৫.০০	৩৫০.০০	৩৮৫.০০	২৮০.০০	৪০০০.০০

[Signature]

[Signature]

চলমান পাতা-০২

ক্রঃ নং	খাত	টাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	খুলনা	বরিশাল	সিলেট	কুমিল্লা	ফরিদপুর	কুষ্টিয়া	এলাপিও	সর্বমোট
গ)	কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ											
	১) প্রকল্প ঋণ	৩.০০	৫.০০	২০.০০	২.০০	২.০০	৮.০০	২.০০	৩.০০	৫.০০	২০০.০০	২৫০.০০
	২) চলমান ঋণ	৫৫.০০	৬.০০	৫০.০০	৫.০০	৫.০০	৬৫.০০	১০.০০	১০.০০	১৫.০০	৭৭৯.০০	১০০০.০০
	৩) গ্রিণ ব্যাবিকিং	৩.০০	২.০০	২.০০	৮.০০	২.০০	২.০০	২.০০	৫.০০	২.০০	১.০০	২৫.০০
	মোট কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ	৬১.০০	১৩.০০	৭২.০০	১১.০০	৯.০০	৭৫.০০	১৪.০০	১৮.০০	২২.০০	৯৮০.০০	১২৭৫.০০
	মোট ঋণ বিতরণ	২৩২৭.৫০	১৪৯৮.০০	১৪৪৯.০০	১৭১০.০০	১৩১৪.০০	১০২৬.০০	১৫৬২.০০	১৩২৫.০০	১৬০৩.০০	১৭৬০.৫০	১৫৫৭৫.০০
ঘ)	মোট ঋণ স্থিতি	৫৫৯০.০০	৪৯৩৫.০০	২৪১০.০০	২৯৩০.০০	৩১০০.০০	১৮১৫.০০	৩৪৫৫.০০	২২৪০.০০	২৫৮০.০০	১৯৪৫.০০	৩১০০০.০০
ঙ)	নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি	৬০৬০০	৪০৫০০	৩২৫০০	৫১০০০	৪৮০০০	২৬০০০	৪৭০০০	৩৭৫০০	৩৬৫০০	৪০০	৩৮০০০০
চ)	মোট ঋণগ্রহীতার সংখ্যা	৪৭৭০০০	৭৭৮০০০	২৭৫০০০	২২২০০০	৪৬৯০০০	৩০৩০০০	৫৩৭০০০	২৩৮০০০	২২৫০০০	১০০০	৩৫২৫০০০


 মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী
 উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা


 জামিল হোসেন
 সহকারী মহাব্যবস্থাপক
 বিভাগীয় দায়িত্বে